

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৬. ইলম উঠে যাওয়া সম্পর্কে

بَابٌ فِي ذَهَابِ الْعِلْم

আরবী

أَخْبَرَنَا قَبِيصَةُ، أَنبَأَنَا سُفْيَانُ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنِ الْحَسَنِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: اغْدُ عَالِمًا أَوْ مُتَعَلِّمًا أَوْ مُسْتَمِعًا، وَلَا تَكُنِ الرَّابِعَ فَتَهْلِكَ

إسناده ضعيف الحسن هو البصري وقد عنعن

বাংলা

২৫৪. আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, " হয় আলিম হয়ে যাও, নয়তো (ইলম) শিক্ষাকারী হও, নয়তো মনযোগী শ্রোতা হয়ে যাও; এ (তিন ব্যতীত) চতুর্থ প্রকারের অন্তর্ভুক্ত হয়ো না। তাহলে তুমি ধ্বংস হয়ে যাবে।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। হাসান বাছরী তিনি 'আন 'আন' পদ্ধতিতে এ হাদীস বর্ণনা করেছেন। (তবে বুখারীর সনদটি সহীহ- তাখরীজ দেখুন।-অনুবাদক)

তাখরীজ: ইবনু আবী শাইবা, ৮/৭২৯ নং ৬১৭১; ইবনু আব্দুল বার, জামি' বায়ানুল ইলম নং ১৩৯; ইয়াকুব আল ফাসওয়ায়ী, আল মা'রেফাত ওয়াত তারীখ ৩/৩৯৯; আবু খায়ছামা, আল ইলম নং ১১৬; বুখারী, আত তারীখুল কাবীর ৪/৯৯; এর সনদ সহীহ। ইবনু হাযম, আল ইহকাম ৬/১০৪৫ হাসান সনদে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন